

া মুয়াতা মালিক

হাদিস নাম্বারঃ ১৩৬৩

৩১. क्य-विक्य विशाय (کتاب البيوع)

পরিচ্ছেদঃ ৩৭. 'বরনামজ' বা বিলের উপর বিক্রয় করা

بَابِ الْبَيْعِ عَلَى الْبَرْنَامَجِ

আরবী

বাংলা

রেওয়ায়ত ৭৯. মালিক (রহঃ) বলেনঃ আমাদের নিকট মাসআলা এই—একদল লোক পণ্য ক্রয় করিল-কাপড় অথবা ক্রীতদাস, এই সংবাদ আর এক ব্যক্তি শুনিল। সে ক্রেতাদের একজনকে বলিল, আপনি অমুক হইতে যেই বস্তু ক্রয় করিয়াছেন উহার অবস্থা ও গুণাগুণ আমি অবহিত আছি। আপনার অংশের পণ্যে আমি আপনাকে এত এত মুনাফা দিব, ইহাতে আপনি আগ্রহী আছেন কি? সে বলিল, হ্যাঁ, সে (দ্বিতীয়বারের ক্রেতা) উহাকে (বিক্রেতাকে) লাভ দিল এবং ক্রেতাদের দলে বিক্রেতার স্থলে শরীক হইয়া গেল, তারপর যখন সে বস্তু বা ক্রীতদাস নিরীক্ষা করিয়া দেখিল উহাকে খারাপ পাইল এবং উহার মূল্য অতিরিক্ত মনে করিল। মালিক (রহঃ) বলেনঃ এই বেচাকেনা এবং উহা গ্রহণ (বিল দেখিয়া যে ক্রয় করিয়াছে) তাহার জন্য জরুরী হইবে এবং (উহা রদ করার) ইখতিয়ার তাহার থাকিবে না। যদি সে নির্দিষ্ট গুণাগুণ জানিয়া বিল দেখিয়া ক্রয় করিয়া থাকে।



মালিক (রহঃ) বলেনঃ এক ব্যক্তি বিভিন্ন জাতের বস্ত্র আমদানী করিয়াছে। (সেই সব বস্ত্র ক্রয় করার জন্য) তাহার নিকট ক্রেতাগণ উপস্থিত হইতে লাগিল। তিনি তাহাদিগকে বরনামা (বিল) পাঠ করিয়া শোনাইলেন। তিনি বলিলেন, প্রতি গাঁইটে এত এত বসরীয় মিলহাফা রহিয়াছে এবং এত এত সারবীয় রাইতা রহিয়াছে বিভিন্ন শ্রেণীর বস্ত্রের বিভিন্ন প্রকার দর নির্দিষ্ট করিলেন। আরও সে বলিল, আপনারা আমার নিকট হইতে এই বর্ণিত গুণাগুণের বস্ত্রসমূহ ক্রয় করুন, তাহারা বর্ণিত গুণোর উপর সেই বস্ত্রের গাঁইটসমূহ ক্রয় করিলেন। অতঃপর গাঁইট খোলার পর তাহারা বস্ত্রসমূহের দাম অতিরিক্ত হইয়াছে বলিয়া মনে করিলেন এবং (এই ক্রয়ের উপর) লজ্জিত হইলেন।

মালিক (রহঃ) বলেনঃ যেই বিলের সপক্ষে তাহাদের নিকট মাল বিক্রয় করা হইয়াছে সেই বিল অনুযায়ী গাঁইটে মাল পাওয়া গেল এবং মাল বিলের বিপরীত না হইলে তবে ইহা (ক্রয়) তাহদের জন্য বাধ্যতামূলক হইবে।

English

Malik spoke about what was done among them in the case of a group of people who bought goods, drapery or slaves, and a man heard about it and said to one of the group, "I have heard the description and situation of the drapery goods you bought from so-and-so. Shall I give you such-and-such profit to take over your portion?" This person agreed, and the man gave him the profit and became a partner in his place. When he looked at the purchase, he saw that it was ugly and found it too expensive.

Malik said, "It is obliged on him and there is no choice in it for him if he bought it according to a list of contents and the description was well-known."

Malik spoke about a man who had drapery goods sent to him, and salesmen came to him and he read to them his list of contents and said, "In each bag is such-and-such a wrap from Basra and such-and-such a light wrap from Sabir. Their size is such-and-such," and he named to them types of drapery goods by their sort, and he said, "Buy them from me according to this description." They bought the bags according to what he described to them, and then they bought them and found them too expensive and regretted it. Malik said, "The sale is binding on them, if the goods agree with the list of contents on which he sold them."

Malik said, "This is the way of doing things which people still use today. They permit the sale among them when the goods agree with the list of contents and are not different from it."

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত



 $\textit{\textbf{\textit{9}}} \; \mathsf{Link} - \mathsf{https://www.hadithbd.com/hadith/link/?id} = 74260$

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন